

ওহে জীবনবল্লভ, ওহে সাধনদুর্লভ,
 আমি মর্মের কথা অন্তরব্যথা কিছুই নাহি কব—
 শুধু জীবন মন চরণে দিনু বুঝিয়া লহো সব ।
 (দিনু চরণতলে- কথা যা ছিল দিনু চরণতলে—
 প্রাণের বোঝা বুঝে লও, দিনু চরণতলে ।)

আমি কী আর কব ॥

এই সংসারপথসঙ্কট অতি কন্টকময় হে,
 আমি নীরবে যাব হৃদয়ে লয়ে প্রেমমুরতি তব ।
 (নীরবে যাব- পথের কাঁটা মানব না, নীরবে যাব ।
 হৃদয়ব্যথায় কাঁদব না, নীরবে যাব ।)

আমি কী আর কব ॥

আমি সুখদুখ সব তুচ্ছ করিনু প্রিয়-অপ্রিয় হে—
 তুমি নিজ হাতে যাহা সাঁপাবে তাহা মাথায় তুলিয়া লব ।
 (আমি মাথায় লব- যাহা দিবে তাই মাথায় লব—
 সুখ দুখ তব পদধূলি ব'লে মাথায় লব ।)

আমি কী আর কব ॥

অপরাধ যদি ক'রে থাকি পদে, না করো যদি ক্ষমা,
 তবে পরানপ্রিয় দিয়ো হে দিয়ো বেদনা নব নব ।
 (দিয়ো বেদনা- যদি ভালো বোঝ দিয়ো বেদনা—
 বিচারে যদি দোষী হই দিয়ো বেদনা ।)

আমি কী আর কব ॥

তবু ফেলো না দূরে, দিবসশেষে ডেকে নিয়ো চরণে—
 তুমি ছাড়া আর কী আছে আমার ! মৃত্যু-আঁধার ভব ।
 (নিয়ো চরণে- ভবের খেলা সারা হলে নিয়ো চরণে—
 দিন ফুরাইলে, দীননাথ, নিয়ো চরণে ।)

আমি কী আর কব ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Ektaal, Style: Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail